

# ৫ নভেম্বরের মধ্যে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের ই-রেজিস্ট্রেশনের নির্দেশ

অনলাইন ডেক্স



## বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

সংযুক্ত ছবি

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসি)।

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর (স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি) ই-রেজিস্ট্রেশন সম্পন্ন ও প্রোফাইল হালনাগাদের নির্দেশ দিয়েছে। প্রতিষ্ঠানগুলোকে আগামী ৫ নভেম্বরের মধ্যে এ কাজ শেষ করতে হবে।

সোমবার (২৭ অক্টোবর) এনটিআরসি পরিচালক তাসনিম জেবিনের স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, যেসব শিক্ষাপ্রতিষ্ঠান এখনো ই-রেজিস্ট্রেশন করেনি, তাদের নতুনভাবে নিবন্ধন করতে হবে এবং যেসব প্রতিষ্ঠান আগে থেকেই নিবন্ধিত, তাদের প্রোফাইল হালনাগাদ করতে হবে।

নির্ধারিত সময়ের মধ্যে ই-রেজিস্ট্রেশন ও প্রোফাইল হালনাগাদ না  
করলে পরবর্তীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনলাইনে এনটিআরসিএর  
কাছে নিয়োগযোগ্য শিক্ষক চাহিদা (ই-রিকুইজিশন) দিতে পারবে  
না।

৫



করমজলে সফল প্রজনন, প্রকৃতিতে ফিরছে বিলুপ্তপ্রায়  
কচ্ছপ

এতে আরো বলা হয়, জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা  
মাধ্যমিক শিক্ষা অফিসারদের নিজেদের প্রোফাইলও হালনাগাদ  
করতে হবে। এ ছাড়া প্রতিটি জেলা শিক্ষা অফিসারকে তাদের  
জেলার আওতাধীন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের ই-  
রেজিস্ট্রেশন সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা দিতে বলা হয়েছে।

এনটিআরসিএ জানিয়েছে, ই-রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নের জন্য  
এনটিআরসিএর ওয়েবসাইটে ‘ই-রেজিস্ট্রেশন সেবা’ বর্তে দেওয়া  
নির্দেশিকা অনুসরণ করতে হবে।

